

ডায়াসপোরা, অভিবাসন ও উন্নয়ন: সমসাময়িক গুরুত্বপূর্ণ বিষয়াদি নিয়ে সংলাপে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি।

ঢাকার ইন্সটিটিউট প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ০৫ নভেম্বর সকাল-১০.০০ ঘটিকায় বাংলাদেশ সাপোর্ট গ্রুপ (বাসুগ)/Bangladesh Support Group (BASUG) কর্তৃক আয়োজিত ডায়াসপোরা, অভিবাসন ও উন্নয়ন: সমসাময়িক গুরুত্বপূর্ণ বিষয়াদি নিয়ে সংলাপে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বর্তমান সরকারের লক্ষ্য হচ্ছে নিরাপদ, সুষ্ঠু ও নিয়মতান্ত্রিক অভিবাসন। যা কেবল অভিবাসী বাংলাদেশি কর্মীদের অধিকার রক্ষা ও কল্যাণেই কাজ করে। তিনি আরও বলেন, বর্তমানে অভিবাসন এক বিশ্বপ্রক্রিয়া এবং অভিবাসনের সুষ্ঠু ব্যবস্থাপনাসহ সব পক্ষের জন্যই কল্যাণকর। মন্ত্রী বলেন, রেমিটেন্স প্রেরণকারী ব্যক্তিবর্গের সুযোগ সুবিধা প্রদানে সরকার বদ্ধ পরিকর। কেননা বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে প্রবাসী বাংলাদেশি ও কর্মীদের প্রেরিত রেমিটেন্স এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

বাংলাদেশ সাপোর্ট গ্রুপ (বাসুগ) এবং তার সহযোগি সংগঠন ফিল্মস ফর পিস ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত এই সংলাপের সঞ্চালনা করেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (কল্যাণ ও মিশন) মোহাম্মদ আজহারুল হক। স্বাগত বক্তব্য রাখেন ফিল্মস ফর পিস ফাউন্ডেশনের চেয়ারম্যান পারভেজ সিদ্দিকী। বাসুগ, নেদারল্যান্ড এর সভাপতি বিকাশ চৌধুরী বড়ুয়া সংলাপে একটি কী-নোট (Key note present on Diaspora and Development) প্রেজেন্টেশন করেন। গ্রীফথ ইউনিভার্সিটি (Griffith University), অস্ট্রেলিয়া এবং বাসুগ আন্তর্জাতিক এর উপদেষ্টা প্রফেসর মোয়াজ্জেম হোসেন "Engagement of Diaspora for Development" এর উপর একটি বক্তব্য উপস্থাপন করেন। তিনি তার বক্তব্যে বাংলাদেশের দারিদ্রতা বিমোচনে ডায়াসপোরা বাংলাদেশিদের অবদানের কথা বলেন।

পরে উন্মুক্ত আলোচনায় উপস্থিত অতিথিবৃন্দ বক্তব্য রাখেন। উন্মুক্ত আলোচনায় বক্তারা প্রবাসীদের বাংলাদেশে বিনিয়োগে নির্দিষ্ট নীতিমালা এবং সুযোগ সুবিধার বিষয়ে বক্তব্য রাখেন। তারা নিরাপদ বিনিয়োগে পরিবেশ ও বিনিয়োগে ওয়ান স্টপ সার্ভিস প্রদানের জন্য সরকারের প্রতি আহ্বান জানান। সংলাপের ওয়ে ফরওয়ার্ড (Way Forward) নিয়ে বক্তব্য রাখেন বাসুগ, জার্মান এর সভাপতি ড. আহমেদ জিয়াউদ্দিন।

সংলাপে অভিবাসন বিষয়ক সংগঠন ওআরবি, ব্রাক, আওয়াজ ফাউন্ডেশন, রামরু, এসডিসি, আইআইডি, বাস্তব, প্রকাশ, আইএমএ-এর প্রতিনিধিবৃন্দ, আইওএম ও আইএলও এর প্রতিনিধিবৃন্দ, দি ডেইলী অবজারভার ও দি এশিয়ান এইজ-এর স্পেশাল করসপন্ডেন্ট এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।